যুগান্তর

MAR. 13 2002

# ঢাবি ক্যাম্পাসে ছাত্র ইউনিয়নের মানববন্ধন

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ে সংঘটিত সন্ত্রাসী ঘটনায় জড়িতদের গ্রেফতার ও বিচার এবং ১৩ মার্চ রাজুর মৃত্যু দিবসকে সন্ত্রাসবিরোধী দিবস হিসাবে ঘোষণার দাবিতে ছাত্র ইউনিয়ন গতকাল ক্যাম্পাসে মানববন্ধন কর্মসূচি পালন করেছে।

অপরাজেয় বাংলার পাদদেশে সকাল সাড়ে ১১টা থেকে আধাঘণ্টা স্থায়ী মানববন্ধনে অর্ধশতাধিক সংগঠন নেতাকর্মী, সাধারণ ছাত্রছাত্রী এবং শিক্ষক অংশ নেন। এ সময় অনুষ্ঠিত সমাবেশে বক্তৃতা করেন সংগঠনের সাবেক সভাপতি হাসান তারিক চৌধুরী সোহেল, বর্তমান সভাপতি শরীফুজ্জামান শরীফ, জাকারিয়া মণ্ডল, রাজু আহমেদ, রিমান প্রমুখ। বক্তারা বলেন, 'শিক্ষাঙ্গন থেকে সন্ত্রাস দূর করতে হলে ছাত্র, শিক্ষক ও অভিভাবকদের ঐক্যবদ্ধ হতে হবে। জাতীয় রাজনীতির হাতিয়ার হিসাবে প্রধান রাজনৈতিক দলের ছাত্র সংগঠনের নেতাকর্মীরা সন্ত্রাসী কর্মকাণ্ডে লিপ্ত হয়। তারা সন্ত্রাস বন্ধে দেশব্যাপী আন্দোলন গড়ে তোলার জন্য ছাত্র সমাজের প্রতি আহ্বান জানান।